

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড

প্রবাসী কল্যাণ ভবন, লেভেল-১৪
৭১-৭২ পুরাতন এ্যালিফ্যান্ট রোড, ইস্কাটন গার্ডেন, ঢাকা-১০০০

www.dmtcl.gov.bd

ঢাকা মহানগরী ও তৎসংলগ্ন পার্শ্ববর্তী এলাকার যানজট নিরসনে ও পরিবেশ উন্নয়নে অত্যাধুনিক গণপরিবহন হিসেবে ৬(ছয়)টি মেট্রোরেল সমন্বয়ে Dhaka Mass Transit Company Limited (DMTCL) এর আওতায় একটি শক্তিশালী নেটওয়ার্ক গড়ে তোলার নিমিত্ত সরকার নিম্নোক্ত সময়াবদ্ধ কর্মপরিকল্পনা ২০৩০ গ্রহণ করেছে:

সময়াবদ্ধ কর্মপরিকল্পনা ২০৩০

ক্রম	এমআরটি লাইনের নাম	পর্যায়	সম্ভাব্য সমাপ্তির সাল	ধরণ
১.	এমআরটি লাইন-৬	প্রথম	২০২৫	উড়াল
২.	এমআরটি লাইন-১	দ্বিতীয়	২০২৬	উড়াল ও পাতাল
৩.	এমআরটি লাইন-৫: নর্দার্ন রুট		২০২৮	
৪.	এমআরটি লাইন-৫: সাউদার্ন রুট	তৃতীয়	২০৩০	
৫.	এমআরটি লাইন-২			
৬.	এমআরটি লাইন-৪			

MRT Line-1 বা বাংলাদেশের প্রথম Underground বা পাতাল মেট্রোরেল

৩১.২৪১ কিলোমিটার দীর্ঘ MRT Line-1 দুটি অংশে বিভক্ত। অংশ দুটি হল: বিমানবন্দর রুট (বিমানবন্দর থেকে কমলাপুর) এবং পূর্বাচল রুট (নতুন বাজার থেকে পিতলগঞ্জ ডিপো)। বিমানবন্দর রুটের মোট দৈর্ঘ্য ১৯.৮৭২ কিলোমিটার এবং মোট পাতাল স্টেশন সংখ্যা ১২টি। বিমানবন্দর রুটেই বাংলাদেশে প্রথম পাতাল বা আন্ডারগ্রাউন্ড মেট্রোরেল নির্মিত হতে যাচ্ছে। পূর্বাচল রুটের মোট দৈর্ঘ্য ১১.৩৬৯ কিলোমিটার। সম্পূর্ণ অংশ উড়াল এবং মোট স্টেশন সংখ্যা ৯টি। তন্মধ্যে ৭টি স্টেশন হবে উড়াল। নন্দা ও নতুন বাজার স্টেশনদ্বয় বিমানবন্দর রুটের অংশ হিসেবে পাতালে নির্মিত হবে। নতুন বাজার স্টেশনে MRT Line-5: Northern Route এর সঙ্গে আন্ডারলাইন সংযোগ থাকবে। নন্দা ও নতুন বাজার স্টেশনের আন্ডাররুট সংযোগ ব্যবহার করে বিমানবন্দর রুট থেকে পূর্বাচল রুটে এবং পূর্বাচল রুট থেকে বিমানবন্দর রুটে যাওয়া যাবে। উভয় রুটের সকল বিস্তারিত Study, Survey, Basic Design, Detailed Design ও নির্মাণ কাজের সকল প্যাকেজের প্রাক-যোগ্যতার দলিল প্রস্তুত সম্পন্ন হয়েছে। MRT Line-1 এর ডিপো ও ডিপো এক্সেস করিডোর নির্মাণের জন্য নারায়ণগঞ্জ জেলার রূপগঞ্জ উপজেলার পিতলগঞ্জ ও ব্রাহ্মণখালী মৌজার ৯২.৯৭২৫ একর ভূমি অধিগ্রহণের গেজেট বিজ্ঞপ্তি গত ০৭ এপ্রিল ২০২২ তারিখ প্রকাশিত হয়েছে। ক্ষতিপূরণ বাবদ প্রায় ৯৪০ কোটি টাকা জেলা প্রশাসক, নারায়ণগঞ্জ কে প্রদান করা হয়েছে। ইতোমধ্যে নামজারি সম্পন্ন হয়েছে। গত ২৮ নভেম্বর ২০২২ তারিখ পিতলগঞ্জ মৌজায় ৩১ শতাংশ ভূমির বাস্তব দখল নেওয়া হয়েছে। শীঘ্রই অবশিষ্ট ভূমির বাস্তব দখল নেওয়া হবে। MRT Line-1 এর রিসিভিং সাব স্টেশন-২ এবং নন্দা, নতুন বাজার ও উত্তর বাড্ডা ৩টি পাতাল স্টেশনের Entry/Exit নির্মাণের নিমিত্ত ভূমি অধিগ্রহণের কার্যক্রম চলমান আছে। ৩ টি পাতাল স্টেশনের ভূমি অধিগ্রহণের অনাপত্তির জন্য রাজউক এবং নগর উন্নয়ন অধিদপ্তরে প্রেরিত প্রস্তাবের প্রেক্ষিতে সরেজমিন পরিদর্শন কার্যক্রম সম্পন্ন হয়েছে।

গত ২৩ অক্টোবর ২০২২ তারিখ এমআরটি লাইন-১ এর নির্মাণ কাজ তত্ত্বাবধানের জন্য পরামর্শক প্রতিষ্ঠানের সঙ্গে চুক্তি স্বাক্ষরিত হয়েছে। এমআরটি লাইন-১ এর নির্মাণ কাজ মোট ১২টি প্যাকেজের মাধ্যমে বাস্তবায়ন করা হচ্ছে। গত ২৩ নভেম্বর ২০২২ তারিখ প্রকল্পের ডিপোর ভূমি উন্নয়ন সংক্রান্ত প্যাকেজ CP-01 এর ঠিকাদার প্রতিষ্ঠানের সঙ্গে চুক্তি স্বাক্ষরিত হয়েছে। CP-03, CP-04, CP-05, CP-06, CP-09, CP-10 এবং CP-11 প্যাকেজসমূহের প্রাক-যোগ্যতার (Prequalification) আবেদন ইতোমধ্যেই আহ্বান করা হয়েছে এবং বিভিন্ন পর্যায়ে প্রক্রিয়াধীন আছে। অবশিষ্ট প্যাকেজের প্রাক-যোগ্যতার আবেদন শীঘ্রই আহ্বান করা হবে। আগামী মাসের শেষ সপ্তাহে মাননীয় প্রধানমন্ত্রী MRT Line-1 এর নির্মাণ কাজের শুভ উদ্বোধন করবেন বলে আশা করা যাচ্ছে।